মুক্তিযুদ্ধের গল্প নিয়ে জয়াদের ‘নকশি কাঁথার জমিন’ মুক্তি পেল

written by Chandradip News24 | December 28, 2024

আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবগুলোতে প্রশংসা কুড়ানোর পর অবশেষে দেশের ছয়টি মাল্টিপ্লেক্সে মুক্তি পেয়েছে মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত সিনেমা ‘নকশি কাঁথার জমিন’। কথাসাহিত্যিক হাসান আজিজুল হকের গল্প ‘বিধবাদের কথা’ অবলম্বনে নির্মিত এ সিনেমাটি পরিচালনা করেছেন আকরাম খান।

‘নকশি কাঁথার জমিন’-এ দেখানো হয়েছে দুই বোন রাহেলা ও সালেহার জীবনের গল্প, যাদের বিয়ে হয় একই পরিবারের দুই ভাই জবর ও সবরের সঙ্গে। মুক্তিযুদ্ধের উত্তাল সময়ের প্রেক্ষাপটে জবর রাজাকার বাহিনীতে যোগ দিলেও তার ছেলে সাহেবালি মুক্তিযোদ্ধা হয়ে ওঠে। একইভাবে, সবর মুক্তিবাহিনীতে যোগ দেয়, কিন্তু তার ছেলে রাহেলিল্লাহ রাজাকার বাহিনীর হয়ে কাজ করে। এই টানাপোড়েনের মধ্যেও দুই বোনের নীরব প্রতিবাদ ও সংগ্রামের কাহিনি তুলে ধরা হয়েছে সিনেমায়।

ছবিতে রাহেলার ভূমিকায় অভিনয় করেছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী জয়া আহসান। তিনি বলেন, “এই সিনেমা মুক্তিযুদ্ধের সাধারণ মানুষের গল্প নিয়ে। বিজয়ের মাসে ছবিটি মুক্তি পাওয়ায় আমি আনন্দিত। যারা দেখেছেন, তারা ছবিটি নিয়ে ইতিবাচক প্রতিক্রিয়া জানিয়েছেন।”

সিনেমায় জয়া আহসানের সঙ্গে অভিনয় করেছেন ফারিহা শামস সেজুতি (সালেহা), ইরেশ যাকের (জবর), রওনক হাসান (সবর)। আরও আছেন দিব্য জ্যোতি, সৌম্য জ্যোতি প্রমুখ।

‘নকশি কাঁথার জমিন’ ইতোমধ্যে বিভিন্ন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রশংসা কুড়িয়েছে এবং পুরস্কৃত হয়েছে।

বেঙ্গালুরু আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এশিয়ান কম্পিটিশন বিভাগে পুরস্কার।

দক্ষিণ কোরিয়ার বুসান পিস ফিল্ম ফেস্টিভ্যাল-এ বেস্ট ফিচার ফিল্মের পুরস্কার।

রটারডাম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের বিগস্ক্রিন প্রতিযোগিতা বিভাগে মনোনয়ন।

৫৩তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অব ইন্ডিয়ায় আইসিএফটি-ইউনেসকো গান্ধী মেডেলের জন্য মনোনয়ন।

মুক্তির আগে গত ২৫ ডিসেম্বর ‘নকশি কাঁথার জমিন’-এর একটি বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়, যেখানে উপস্থিত দর্শকরা সিনেমাটি নিয়ে প্রশংসা করেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম